Ontario

এমপ্লয়মেন্ট
স্ট্যান্ডার্ডস্
অনুপস্থিতির
ছুটি

গর্ভধারণ, পিতা/মাতা সংক্রান্ত, ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন, পারিবারিক চিকিৎসা এবং অতিরিক্ত বাহিনিভুক্ত **সংক্রান্ত ছুটিগুলি**
সম্পর্কে অবতরণিকা

Employment Standards Act, 2000, যেটি ই এস এ নামে পরিচিত, অন্টারিওতে কর্মস্থলের পক্ষপাতশূণ্য রীতিনীতিগুলির ন্যূনতম মানকে প্রস্তুত করে।

আপনি যদি ই এস এ দ্বারা সুরক্ষিত হন, তাহলে আপনার অধিকার আছে গর্ভধারণের জন্য, পিতা/মাতার সম্পর্কীয়, ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন পারিবারিক চিকিৎসা এবং অতিরিক্ত বাহিনিভুক্ত সংক্রান্ত ছুটি নেবার।

গর্ভধারণ এবং পিতা/মাতা সম্পর্কীয় ছুটি

গর্ভধারণ সংক্রান্ত ছুটিঃ গর্ভধারণ ছুটি 17 সপ্তাহ পর্যন্ত চাকুরী সংরক্ষিত বেতনবিহীন ছুটি। যদি আপনি গর্ভবতী হন, আপনি গর্ভধারণ সংক্রান্ত ছুটি পাবার অধিকারী, সে আপনি পূর্ণ সময়ের কর্মী, আংশিক সময়ের কর্মী, স্থায়ী কর্মী বা চুক্তিবদ্ধ কর্মী যাই হোন না কেন। আপনার সন্তানের সম্ভাব্য জন্ম নেবার ("পূর্বনির্ধারিত তারিখের") অন্তত 13 সপ্তাহ আগে আপনার কাজে নিযুক্ত হওয়া আবশ্যক।

পিতা/মাতা সম্পর্কীয় ছুটিঃ নতুন পিতা/মাতা হিসেবে (যেমন, জন্মদাতা/জন্মদাত্রী, পিতা/মাতা, পালক পিতা/মাতা, ব্যক্তি যার কোনো শিশুর পিতা/মাতার সঙ্গে সম্পর্ক আছে এবং শিশুটিকে নিজের সন্তান বলে গ্রহণ করার পরিকল্পনা করছে) আপনার অধিকার আছে চাকুরী সংরক্ষিত বেতনবিহীন ছুটি পাবার যখন শিশুটি জন্মাল বা প্রথম আপনার অভিভাবকত্বে আসল।

আপনি পিতা/মাতা সম্পর্কীয় ছুটি পাবার অধিকারী সে আপনি পূর্ণ সময়ের কর্মী, আংশিক কর্মী, স্থায়ী কর্মী বা চুক্তিবদ্ধ কর্মী যাই হোন না কেন। ছুটি পাবার যোগ্যতা লাভ করার জন্য আপনাকে ছুটি শুরু হবার অন্ততঃ 13 সপ্তাহ আগে কাজে নিযুক্ত হতে হবে।

কর্মীরা যারা প্রেগনেন্সি লিভ নিচ্ছেন তারা 35 সপ্তাহের পেরেন্টাল লিভ নেবার অধিকারী, যা সাধারণতঃ শুরু হয় প্রেগনেন্সি লিভ শেষ হওয়ার পর। যারা প্রেগনেন্সি লিভ নেন না এবং অন্যান্য সব নতুন পিতা/মাতারা 37 সপ্তাহের পেরেন্টাল লিভ নিতে পারবেন যেটা শুরু হবে সন্তানের জন্মাবার বা তাদের অভিভাবকত্বে আসার 52 সপ্তাহ পরেই। পিতামাতাদের একই সময়ে ছুটি নেবার প্রয়োজন নেই।

আপনার নিয়োগকর্তাকে জানানঃ কতগুলি নির্দিষ্ট ক্ষেত্রে, প্রেগনান্সি বা পেরেন্টাল লিভ নেবার দু সপ্তাহ আগে আপনার নিয়োগকর্তাকে অবশ্যই লিখিতভাবে জানাতে হবে। আপনার নিয়োগকর্তাকে অবশ্যই চার সপ্তাহের লিখিত নোটিস দিয়ে দেবেন যদি আপনি আপনার ছুটির শেষ দিনটি বদলাতে চান।

দ্রষ্টব্যঃ আপনি প্রেগনেনসি লিভ বা পেরেন্টাল লিভ নিতে শুরু করলে, আপনাকে একবারেই সব ছুটি নিয়ে নিতে হবে, ভেঙে ভেঙে নিলে হবে না।

ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন

প্রত্যেক ক্যালেন্ডার বর্ষে 10 দিনের চাকুরী সংরক্ষিত বেতনবিহীন ছুটি হচ্ছে ব্যক্তিগত এমার্জেন্সী লিভ। এর যোগ্য হবার জন্য, আপনার নিয়োগকর্তা অবশ্যই নিয়মিতভাবে অন্ততপক্ষে 50 জন কর্মীকে নিয়োগ করবেন।

এই ছুটি নেওয়া চলবে ব্যক্তিগত অসুখ, আঘাত অথবা চিকিৎসা সংক্রান্ত জরুরী অবস্থার কারণে অথবা মৃত্যু, অসুস্থতা, আঘাতপ্রাপ্তি, চিকিৎসা সংক্রান্ত জরুরী অবস্থা অথবা কোন জরুরী বিষয় সংক্রান্ত কারণে যার সাথে সম্পর্কিত ঃ

- আপনার স্বামী বা স্ত্রী
- আপনার অথবা আপনার স্বামী/স্ত্রী-র কোন মাতা-পিতা, সৎ মাতা-পিতা, পালক মাতা-পিতা, সন্তান, সৎ-সন্তান, পালিত সন্তান, ঠাকুর্দা-দদিমা, সৎ ঠাকুর্দা-দিদিমা, নাতি নাতনি, সৎ নাতি-নাতনি।
- আপনার সন্তানের স্বামী বা স্ত্রী
- আপনার ভাই বা বোন
- কোনো আত্মীয় যিনি পরিচর্যা বা সহায়তার জন্য আপনার ওপর নির্ভরশীল।

আপনার নিয়োগকর্তাকে জানানো: আপনি আপনার নিয়োগকর্তাকে অবশ্যই জানাবেন যে আপনি ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন ছুটি নিচ্ছেন, ছুটি শুরু হবার আগে বা যত শীঘ্র সম্ভব।

দ্রষ্টব্যঃ 10 দিনের জরুরী অবস্থাকালীন ছুটি একসঙ্গে নিতে হবে না। কিন্তু, আপনার নিয়োগকর্তা দিনের যে কোনো অংশের ছুটিকে ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন ছুটির অন্তর্গত পূর্ণ দিনের ছুটি হিসেবে ধরতে পারেন।

পারিবারিক চিকিৎসা সংক্রান্ত ছুটি

পারিবারিক চিকিৎসা সংক্রান্ত ছুটি বেতন বিহীন চাকুরী সংরক্ষিত ছুটি যার মেয়াদ 26 সপ্তাহ সময়কালে 8 সপ্তাহ পর্যন্ত।

এই ছুটি নিতে পারা যায় পরিবারের কোনো বিশেষ সদস্যের কিংবা এমন কোন ব্যক্তি যাকে কর্মী তার পরিবারের সদস্য বলে মনে করতে পারেন যার স্বাস্থ্য সংক্রান্ত অবস্থা গুরুতর এবং যার 26 সপ্তাহের মধ্যে মারা যাবার যথেষ্ট ঝুঁকি আছে তার দেখাশুনা ও সহায়তা করার জন্য।

একজন যোগ্য চিকিৎসক দ্বারা দেয় সার্টিফিকেটে সদস্যটির স্বাস্থ্যের অবস্থা এবং মৃত্যুর ঝুঁকির কথা নিশ্চিতভাবে অবশ্যই বলা থাকবে।

আপনি এমপ্লয়মেন্ট ইনসিওরেন্স কমপ্যাশনেট কেয়ার বেনিফিটের জন্য আবেদন করুন বা না করুন ফ্যামিলি মেডিকাল লীভ পেতে পারেন। যদি আপনি এমপ্লয়মেন্ট ইনসিওরেন্স (EI) কমপ্যাশনেট কেয়ার বেনিফিটের জন্য অ্যাপ্লাই করছেন তবে হিউম্যান রিসোর্সেস এন্ড স্কিল্স ডেভলপমেন্ট ক্যানাডায় মেডিকাল সার্টিফিকেটের যে কপি দিয়েছেন সেই কপিই ফ্যামিলি মেডিকল লীভের জন্য দিতে পারেন।

আপনি ফ্যামিলি মেডিক্যাল লিভের অধিকারী হবেন, আপনি পূর্ণসময়ের কর্মী, আংশিক সময়ের কর্মী, স্থায়ী কর্মী বা চুক্তিবদ্ধ কর্মী যাই হোন না কেন।

যদি দুজন অথবা তার বেশি কর্মীরা একই ব্যক্তির পরিচর্যার জন্য ছুটি পাবার যোগ্য হন, আট সপ্তাহের ছুটি নিজেদের মধ্যে ভাগ করে নেবেন।

আপনার নিয়োগকর্তাকে জানানো

আপনি অবশ্যই আপনার নিয়োগকর্তাকে লিখিতভাবে জানাবেন যে আপনি পারিবারিক চিকিৎসা সংক্রান্ত ছুটি নিচ্ছেন, ছুটি শুরু হবার আগেই, বা যত তাড়াতাড়ি সম্ভব আপনি পারেন।

দ্রষ্টব্য ঃ ফ্যামিলি মেডিকেল লিভের 8 সপ্তাহের ছুটি এক সাথে না নিলেও চলে।

অতিরিক্ত সংরক্ষিত ছুটি

যে সকল কর্মচারীগণ সামরিক অতিরিক্ত বাহিনিভুক্ত এবং যারা কানাডার মধ্যে কোনও অপারেশন বা কোনও আন্তর্জাতিক অপারেশনে নিযুক্ত আছেন যেটি কোন আপাতকালীন অথবা তত্পরবর্তি সময়ে সহযোগিতা দিচ্ছে অথবা দেবে (খোঁজা এবং উদ্ধারকার্য সহ) তাঁরা সেই অপারেশনে জড়িত থাকার জন্য প্রয়োজনীয় সময়ের জন্য ESA-এর অন্তর্গত অ-বেতন ছুটি নেবার যোগ্য হবেন। কানাডার বাইরে কোনও অপারেশনের ক্ষেত্রে, এই ছুটির মধ্যে পূর্ব নিযুক্তি অথবা নিযুক্তি-উত্তর কার্যাবলী অন্তর্ভুক্ত হবে যেগুলি সেই অপারেশন সম্পর্কে কানাডীয় সেনাবাহিনী দ্বারা প্রয়োজনীয় হবে।

আতিরিক্ত বাহিনিভূক্ত ছুটির জন্য উপযুক্ত হতে গেলে আপনাকে আপনার নিয়োগকর্তার জন্য অন্ততপক্ষে ছ মাস একাদিক্রমে অবশ্যই কাজ করতে হবে। সাধারণভাবে, অতিরিক্ত বাহিনিভুক্তদের ছুটি শুরু হবার এবং শেষ হবার দিনগুলি জানিয়ে তাদের নিয়োগকর্তাকে অবশ্যই লিখিতভাবে উপযুক্ত কারণ দেখাতে হবে। অতিরিক্ত বাহিনিভুক্ত ছুটি কেবলমাত্র সেই সব বাহিনিভূক্তরাই পাবেন যারা তাদের প্রয়োজনীয় নোটিশ দিয়েছেন এবং যাঁরা 3 ডিসেম্বর 2007-এ অথবা তারপরে নিযুক্ত হয়েছেন।

কোন অতিরিক্ত বাহিনিভুক্ত ছুটি নেওয়া কর্মচারীগণ একই মর্যাদায় পূর্নবহালের জন্য যোগ্য হবেন যদি সেটি তখনও বিদ্যমান থাকে অথবা না থাকলে কোন তুলনীয় অবস্থায় থাকে। নিয়োগকর্তা যদি কর্মচারীর কাজে ফেরত আসাকে মূলতবী রাখেন তাহলে তার নিয়োগ সম্পর্কিত কিছু নির্দিষ্ট লাভ পরিকল্পনার জন্য নিয়োগকর্তার প্রিমিয়ামের শেয়ারটিকে পে করতে হবে এবং যে সময় পর্ব পর্যন্ত কর্মচারীর ফেরত আসা মূলতবী থাকছে সেই সময় পর্বতে ওই ধরণের পরিকল্পনাগুলিতে কর্মচারিকে অংশগ্রহণের অনুমতি দিতে হবে।

বরিষ্ঠতা এবং সুবিধাবলী

বরিষ্ঠতাঃ আপনি চাকুরীর এবং পরিষেবার মেয়াদের পরিপ্রেক্ষিতে বরিষ্ঠতা এবং বিশ্বাস অর্জন করতে থাকবেন যদি চারটি ছুটির যে কোনো একটি তে থাকেন।

নিয়োগকর্তা দ্বারা প্রদত্ত সুবিধা পরিকল্পনাঃ যখন আপনি গর্ভধারণ সংক্রান্ত, মাতা/পিতা সম্পর্কীয়, ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন অথবা পারিবারিক চিকিৎসাসংক্রান্ত ছুটিতে আছেন, আপনার নিয়োগকর্তা আপনাকে বেশিরভাগ সুবিধাবলী পরিকল্পনাসহ বেতন অবশ্যই দেবেন (যেমন পেনশন, জীবন বীমা এবং সম্প্রসারিত স্বাস্থ্য বীমা, দুর্ঘটনাজনিত মৃত্যু এবং দাঁত সংক্রান্ত পরিকল্পনা)।

ফেডারেল এমপ্লয়মেন্ট ইনসুরান্স বেনিফিটঃ মাতৃত্ব, পিতা/মাতা সম্পর্কীয় এবং সংবেদনশীল পরিচর্যা সুবিধাবলী হচ্ছে ফেডারেল এমপ্লয়মেন্ট ইনসুরেন্স প্রোগ্রাম থেকে প্রাপ্য টাকা। আরও তথ্যের জন্য, হিউম্যান রিসোর্সেস এন্ড সোশ্যাল ডেভেলাপমেন্ট কানাডা - চাকুরী সংক্রান্ত বীমা অনুসন্ধান লাইন শুল্কমুক্ত 1-800-206-7218 নম্বরে ফোন করুন।

এই ছুটিগুলো নিলে কি আমি চাকরী থেকে বরখাস্ত হবো

না। যদি আপনি উপযুক্ত হন, তাহলে আপনার অধিকার আছে গর্ভধারণ সংক্রান্ত, পিতা/মাতা সম্পর্কীয়, ব্যক্তিগত জরুরী অবস্থাকালীন পারিবারিক চিকিৎসা এবং অতিরিক্ত বাহিনিভুক্ত সংক্রান্ত ছুটি নেবার।

আপনার নিয়োগকর্তা আপনাকে ভয় দেখাতে পারেন না, বরখাস্ত করতে পারেন না, চাকরি থেকে কিছুকালের জন্য অপসারণ করতে পারেন না, আপনার বেতন কমাতে পারেন না, আপনাকে কোনো ভাবে শাস্তি দিতে পারেন না বা এই সমস্ত ব্যবস্থার একটি গ্রহণ করবেন বলে ভয় দেখাতে পারেন না কারণ আপনি এই ছুটিগুলির একটি নিয়েছেন বা নেবেন বলে ভাবছেন।

যদি এরকম ঘটে, শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করুন।

শ্রম মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করুন

এমপ্লয়মেন্ট স্ট্যান্ডার্ডস্ ইনফরমেশন সেন্টারে 416-326-7160,1-800-531-5551 (বিনাশুল্কের) নম্বরে ফোন করুন বা 1-866-567-8893 যাঁরা কানে কম শুনতে পান TTY। যদি আপনি ইংরেজী বা ফরাসী ভাষায় কথা বলতে না পারেন তাহলে একজনকে খুঁজে বার করুন যিনি বলতে পারেন এবং তাকে আপনার সঙ্গে রাখুন যখন আপনি শ্রম মন্ত্রালয়ে আসবেন বা ফোন করবেন।

দেখুন www.labour.gov.on.ca ইএসএ-র কপির জন্য, তথ্য পত্রের জন্য, ক্লেম ফর্ম এবং বুলেটিনের জন্য এবং ইমেলের মাধ্যমে মন্ত্রালয়ের সঙ্গে যোগাযোগ করার জন্য।

এই তথ্যাবলী, জনপরিষেবা হিসেবে দেওয়া হয়েছে। যদিও আমরা চেষ্টা করি সুনিশ্চিত করতে যাতে তথ্যাবলী সমসাময়িক এবং নির্ভুল হয়, মাঝেমধ্যে ভুলচুক হয়েই থাকে। সেজন্য আমরা তথ্যাবলীর নির্ভুলতা সম্বন্ধে নিশ্চয় করে বলতে পারি না। পাঠকরা, যেখানে সম্ভব, সেখানে এই তথ্যের ভিত্তিতে কাজে নামার আগে যেন তথ্যের সত্যতা যাচাই করে নেন।

esa
employment standards act

©Queen’s Printer for Ontario, 2008
Printed in Canada
ISBN 1-4249-1165-6 (Print)
ISBN 1-4249-1167-2 (PDF)
ISBN 1-4249-1166-4 (HTML)

Bengali
"Leaves of Absence" is also available in English, French and other languages.
« Congés autorisés » est également disponible en anglais, en français et en d'autres langues.